
হকিং সত্তর

শ্যামল চক্রবর্তী



হকিং সম্ভার

হকিং সত্তর

শ্যামল চক্রবর্তী

জ্ঞান বিচিত্রা

জ্ঞান বিচিত্রা প্রকাশনী

১১ জগন্নাথবাড়ি রোড, আগরতলা-৭৯৯ ০০১

HAWKING SOTTOR

Syamal Chakrabarti

প্রথম প্রকাশ

আগরতলা বইমেলা, মার্চ ২০১৩

প্রকাশক

দেবানন্দ দাম

জ্ঞান বিচিত্রা

১১ জগন্নাথবাড়ি রোড, আগরতলা-৭৯৯ ০০১

প্রচ্ছদ

শৈলী প্রেস প্রাঃ লিঃ

কমপিউটার টাইপ সেটিং ও মুদ্রণ

শৈলী প্রেস প্রাঃ লিঃ

৪এ, মানিকতলা মেইন রোড, কলকাতা-৭০০ ০৫৪

কলকাতা অফিস ও বিক্রয়কেন্দ্র

জ্ঞান বিচিত্রা

১৬ ডা. কার্ত্তিক বোস স্ট্রিট, কলকাতা-৭০০ ০০৯

ফোন : (০৩৩) ২৩৬০ ৪৯৮১

সার্বিক যোগাযোগ

জ্ঞান বিচিত্রা কার্যালয়

১১, জগন্নাথবাড়ি রোড, আগরতলা-৭৯৯ ০০১, ত্রিপুরা

ফোন : (০৩৮১) ২৩২ ৩৭৮১ / ২৩১ ৫১২১

E-mail : jnanbichitra@yahoo.com | gnanbichitra.samudra@gmail.com

ISBN : 978-81-8266-301-5

₹ ১৫০.০০

অ্যান্ড্রিও চেম্বলিন

হকিং-এর গবেষক ছাত্র যিনি অকালে চলে গেলেন

লেখকের কথা

বিশ্বব্রহ্মাণ্ডবিদ্যা বা কসমোলজি গবেষণার অগ্রপথিক বিজ্ঞানী স্টিফেন হকিং। কয়েকবছর আগে তাঁর বিস্ময়কর জীবন ও কাজ নিয়ে একটি বই লিখেছিলাম যা বিজ্ঞান জিজ্ঞাসু পাঠক সাদরে গ্রহণ করেছেন। ২০১২ সালে এই বিজ্ঞানীর সত্তরতম বছর অতিক্রান্ত হল। পৃথিবীর সর্বশ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে তিনি তাঁর গবেষণা ও অধ্যাপনা জীবন অতিবাহিত করেছেন। ২০১২ সালের ৫-৮ জানুয়ারি কেমব্রিজ বিশ্ববিদ্যালয় তাঁর অবদানের প্রতি শ্রদ্ধা জানাতে একটি আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছিল। অতিসম্প্রতি হকিং 'ফিজিক্স প্রাইজ' পেয়েছেন যা অর্থমূল্যের বিচারে পৃথিবীর সকল পুরস্কারের চেয়ে বেশি। আমাদের মনে হল, মানুষ গড়ার কারিগর হিসাবে তিনি কতোটা সার্থক, বোধহয় আমাদের বুঝে দেখার সময় এসেছে। মোট ৩৯ জন ছাত্রছাত্রী তাঁর অধীনে গবেষণা করে ডক্টরেট ডিগ্রি লাভ করেছেন। একজন ছাত্র অকালে চলে গিয়েছেন পৃথিবী ছেড়ে। একজন ছাত্র ভারতীয় যিনি গবেষণা শেষে আমাদের দেশেই ফিরে এসেছেন। অল্প কয়েকজন বিশুদ্ধ বিজ্ঞানচর্চার অঙ্গনে নিজেদের ঠিকানা গড়েননি। কিন্তু সিংহভাগ ছাত্র আজ বিজ্ঞানী হিসাবে পৃথিবীর শীর্ষস্থান অধিকার করে রয়েছেন। হকিংকে জানতে ও বুঝতে গেলে তাঁদের বাদ দিয়ে মানুষটিকে আমরা চিনব কেমন করে? এই বইয়ে আমরা তাই হকিং-এর ছাত্রছাত্রীদের গবেষণার কথা বলেছি। আমি নিশ্চিত, পাঠক বন্ধুরা হকিংকে মানুষ গড়ার এক সেরা কারিগর হিসাবে চিহ্নিত করবেন।

বইটির বিষয়ে একটি কৈফিয়ত পেশ করা জরুরি। আমরা জানি, বিজ্ঞান জার্নালে 'রেফারেন্স' লিখবার কতগুলি নিয়ম আছে। সেই নিয়ম জার্নালের পরিচালকবর্গ তৈরি করেন। পৃথিবীর সব জার্নালে সেই নিয়ম একরকম নয়। হকিং-এর ছাত্রছাত্রীদের গবেষণাপত্রের বিবরণ আমরা যেমন তাঁদের ব্যক্তিগত ওয়েবসাইট থেকে সংগ্রহ করেছি, আবার নানা প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকেও সংগ্রহ করেছি। যে জায়গায় যেমন করে গবেষণাপত্রের পরিচিতি রয়েছে আমরা তার বদল ঘটাইনি।

বিশ্বসেরা এই বিজ্ঞানী আমাদের কাছে এক বিস্ময় হিসাবে প্রতিভাত। সত্তরতম জন্মবর্ষে তাঁকে তাঁর ছাত্রদের মধ্যেই আমরা দেখতে চাইলুম। দীর্ঘায়ু হোন তিনি। শতবর্ষ অতিক্রান্ত করুন।

সদাশয় প্রকাশকের সহযোগিতা অমান্য করব কেমন করে? আপনাদের যদি এই বই সামান্যতম ভালো লাগে, এই শ্রদ্ধাগ্রন্থ রচনায় আমাদের পরিশ্রম বৃথা যায়নি মনে করব।

২৮ ফেব্রুয়ারি, ২০১৩

শ্যামল চক্রবর্তী

সূচিপত্র

মাস্টারমশাই হকিং

২০১২। পৃথিবীর বিস্ময় বিজ্ঞানী স্টিফেন হকিং সত্তর বছর বয়সে পা দিয়েছেন। বিজ্ঞানপ্রেমীদের কাছে এ এক বড়ো আনন্দের খবর। এক ডাকে চেনা যায় এমন বিজ্ঞানীরা মিলিত হয়ে মহাসমারোহে পালন করেছেন তাঁর সত্তরতম জন্মদিন। সেই বিজ্ঞানীদের কারও কারও পরিচয় দেব আমরা। হকিং-এর বিষয়ে তাঁরা কথা বলেছেন। সেসব কথা পরপর বলব। পাঠক বন্ধুরা বলবেন, 'সত্তর' আজকাল কোনো বয়স-ই নয়। কথাটা সত্যি। কিন্তু স্টিফেন হকিং-এর বেলায়? কলেজ পড়ুয়া হকিংকে তো ডাক্তাররা জবাব দিয়ে দিয়েছিলেন। তখন তাঁর বয়স সবে কুড়ি-একুশ। সেই ছেলে তারপরেও অর্ধশতবর্ষ পার করে পৃথিবীর সেরা বিজ্ঞানীর শিরোপা পেয়েছেন, ঘুরেছেন প্রায় সারা দুনিয়া, অনুভব করেছেন ভারশূন্য আবহ, আমাদের কাছে এ মহা আনন্দের খবর। লন্ডনের বিখ্যাত কাগজ 'দি অবজার্ভার' ২০১২ সালের পয়লা জানুয়ারি তাঁর ছবি ছাপিয়েছে। ছবির নীচে শিরোনাম দিয়েছে 'সায়েন্টিফিক সুপারস্টার'। না, এক বর্ণও বাড়াবাড়ি নেই শিরোনামে। এই শিরোনাম এখনকার পৃথিবীতে তাঁর বেলাতেই মানায়। আর একজনও আছেন বটে। ফ্রেডেরিক স্যাঙ্গার। অনেক তাঁর বয়স। পঁচানব্বই বছরে পা দিলেন। দুবার নোবেল পেয়েছেন। তবে সবকিছু মিলিয়ে হকিং-এর তুলনা একমাত্র তিনি নিজেই।

সবশেষ হিসেব মতো আমরা দেখছি, মোট ঊনচল্লিশ জন ছাত্র স্টিফেন হকিং-এর কাছে গবেষণা করেছেন। আমরা তার একটি তালিকা নীচে দেব। ছাত্রদের ডক্টরেট ডিগ্রি লাভের বছর ধরে আমরা তালিকাটি সাজাব। তবে বলে নেয়া ভালো, তাঁদের নিয়ে যখন আলোচনা করব আমরা, ডিগ্রিলাভের বছরের গণ্ডি মানব না। আগে পিছে যেমন খুশি আনব তাঁদের কথা। আইনি গণ্ডি সবসময় পাঠকের কাছে আদরের বিষয় হয় না। লিখতে গেলেও হাতে অদৃশ্য বেড়ি রয়েছে বলে মনে হয়। তাই আমরা সেই বাধা ভাঙব। বলে কয়েই ভাঙব। হকিং নিজে ডক্টরেট ডিগ্রি পেয়েছেন ১৯৬৬ সালে। ১৯৬৮ সালে কেমব্রিজের 'ইনস্টিটিউট অফ থিওরেটিক্যাল অ্যাস্ট্রোনমি'তে যোগ দেন। ১৯৭৩ সালে যোগ দেন 'ডিপার্টমেন্ট অফ অ্যাপ্লায়েড ম্যাথামেটিক্স অ্যান্ড থিওরেটিক্যাল ফিজিক্স'-এ।

প্রথম দশ বছরে যে ছাত্ররা ডিগ্রি পেয়েছেন (১৯৭১-৮০)

গ্যারি গিবন্‌স	(১৯৭৩)

বার্নার্ড কার	(১৯৭৫)
অ্যালান ল্যাপডেজ	(১৯৭৫)
ক্রিস্টোফার প্রায়র	(১৯৭৫)
স্টিফেন সিক্‌লস	(১৯৭৬
পিটার ডি'ইথ	(১৯৭৬)
ডন পেজ	(১৯৭৬)
ম্যালকম প্যারি	(১৯৭৮)

পরের দশ বছর (১৯৮১-১৯৯০)

ক্রিস্টোফার পোপ	(১৯৮০)
অ্যালান ইউলি	(১৯৮১)
নিকোলাস ভার্নার	(১৯৮২)
ইয়ান মস	(১৯৮২)
দক্ষ লোহিয়া	(১৯৮২)
মাইক ফসেট	(১৯৮২)
ব্রুস অ্যালেন	(১৯৮৪)
জুলিয়ান লুত্‌রেল	(১৯৮৪)
ঝঙ্‌ চাও য়ো	(১৯৮৪)
যোনাথন হ্যালিওয়েল	(১৯৮৬)
এডওয়ার্ড শেলার্ড	(১৯৮৬)
রেমন্ড ল্যাফলাম	(১৯৮৮)
ব্রায়ান হুইট	(১৯৮৮)
হেলেন ফে ডাউকার	(১৯৯০)

তারপরের দশ বছর (১৯৯১-২০০০)

জেমস গ্র্যান্ট	(১৯৯৪)
জাস্টিন হেওয়ার্ড	(১৯৯৬)
সাইমন রস	(১৯৯৬)
রাফায়েল বোসো	(১৯৯৭)
মাইক ক্যাসিডি	(১৯৯৭)
অ্যান্ড্রিও চ্যাম্বলিন	(১৯৯৭)

ক্রিস্টোফার হান্টার	(১৯৯৯)
টিম প্রেস্টিজ	(১৯৯৯)
মারিকা টেইলর	(১৯৯৯)

এর পরের দশ বছর (২০০১-২০১০)

টমার্স হার্টগ	(২০০১)
হার্ভে রিয়াল	(২০০১)
জেমস স্পার্কস	(২০০২)
ওয়িসিন ম্যাকোনামনা	(২০০৫)
ক্রিস্টফ গ্যালফার্ড	(২০০৬)
পল ডেভিস	(২০০৬)
রিকার্ডো মন্টেরিও	(২০১০)

এছাড়া ফ্রিডেল এপ্‌ল বলে একজন জার্মান ছাত্র ২০০৩ সালে হকিং-এর কাছে গবেষণায় যোগ দিয়েছিলেন। তাঁর পড়াশুনো হামবুল্‌ড্‌ট বিশ্ববিদ্যালয় ও হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে। তিনি ডক্টরেট ডিগ্রি পেয়েছেন সেই তথ্য আমরা পেয়েছি। কোন্ সালে পেয়েছেন জানা যায়নি। সব শেষের দশকেই হবে। ২০০৪ সালে তাঁর একটি গবেষণাপত্রে ঠিকানা পাওয়া গেল, কেমব্রিজের 'সেন্টার ফর ম্যাথামেটিক্যাল সায়েন্সেস' (উইলবারফোর্স রোড)।

যে বড়ো মানুষেরা তাঁকে নিয়ে কথা বলেছেন, কেউ তাঁর ছাত্র, কেউ তাঁর সহ-গবেষক। প্রথমে যাঁর কথা বলব তিনি বার্নার্ড কার। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের বিখ্যাত ট্রিনিটি কলেজ থেকে তিনি ১৯৭২ সালে গণিতবিদ্যায় বি এ পাশ করেন। কেমব্রিজের ছাত্র। তার উপর ট্রিনিটি কলেজ। মেধাবী যে ছিলেন তা আলাদা করে বলার দরকার পড়ে না। পাশ করেই তিনি হকিং-এর অধীনে গবেষক ছাত্র হিসেবে যোগদান করেন। হকিং-এরও চাকুরি জীবনের তখন গোড়ার দিক। ১৯৬৮ সালে তিনি কেমব্রিজের 'ইনস্টিটিউট অফ থিওরেটিক্যাল অ্যাস্ট্রোনমি'তে যোগ দিয়েছেন। তাঁর প্রথম গবেষক ছাত্র ক্রিস প্রায়র। ক্রিসের কথা পরে বলব আমরা। ১৯৭০ সালে যোগ দিয়েছেন পরের জন। গ্যারি গিবন্‌স। ১৯৭২ সালে বার্নার্ড কার যোগ দিলেন। পিটার ডি'ইথ যোগ দিলেন। তখন হকিং-এর রোগ ধরা পড়ে গিয়েছে। জাতীয় স্বাস্থ্য পরিষেবা থেকে হকিংকে একটি তিন চাকার গাড়ি দেওয়া হয়েছে। ওতেই তিনি চলাফেরা করছেন।

কেমব্রিজে বার্নার্ডের গবেষণার বিষয় ছিল আপেক্ষিকতা ও মহাজাগতিক বিদ্যা। ১৯৭৫ সালে কাজ শেষ করে তিনি থিসিস জমা দিয়েছেন। ডক্টরেট ডিগ্রি পেয়েছেন। ওই সময় তাঁকে গবেষণার দরকারে আমেরিকার এক বিখ্যাত প্রতিষ্ঠান ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট

অফ টেকনোলজিতেও মাঝে মাঝে যেতে হত। বৌদ্ধধর্মের মানুষ নন বার্নার্ড। তবু কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ধর্মমতের যে সোসাইটি ছিল, গবেষণা জীবনে বার্নার্ড কার তার সভাপতি হয়েছিলেন। বার্নার্ড আর হকিং এর কথা বলতে গিয়ে আরও একজনের কথা বলব। তাঁর নাম পিটার বেট্স। ১৯৫১ সালে পিটার লন্ডনে জন্মেছেন। শ্রমজীবী পরিবারে তাঁর জন্ম। পড়াশুনোয় খুব ভালো। স্কুলের পড়া শেষ করে পরীক্ষা দিয়ে কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের তত্ত্বীয় পদার্থবিদ্যা বিভাগে পড়ার সুযোগ পেয়ে যান। পাশ করে বেরিয়ে একবছর একটা হাই স্কুলে পড়িয়েছেন। তারপর থাইল্যান্ডে যান। তেইশ বছর বয়সে ব্যাঙ্ককে বৌদ্ধধর্ম গ্রহণ করেন। নয় বছর তিনি অরণ্য ধ্যানাশ্রমে থেকেছেন। ধর্মের নিয়ম মেনে তাঁর নামও বদল হয়েছে। এখন তিনি Ajahn Brahm নামে পরিচিত। ব্যাঙ্কক থেকে তিনি অস্ট্রেলিয়ায় যান। কিছুদিন এক পুরনো বাড়িতে থাকেন। তারপর ৯৭ একর জমি কিনে মঠ তৈরি করেন। দক্ষিণ গোলার্ধে তিনিই প্রথম বৌদ্ধমঠ তৈরি করলেন। অস্ট্রেলিয়ায় বৌদ্ধ মানুষ খুব কম। নিজেরা কায়িক শ্রম করেছেন। এখন ঘুরে দেখার মতো মঠ তৈরি হয়েছে।

১৯৯৪ সাল থেকে পিটার বেট্স নিয়মিত দক্ষিণ-পূর্ব এশিয়ার নানা দেশে যান। বৌদ্ধধর্ম সম্মেলনে বক্তৃতা করেন। আর্ত মানুষের সেবায় তাঁর জীবন কেটে যায়। পিটার বেট্স আর বার্নার্ড কার সমবয়সী। কলেজে সহপাঠী। সেই পরিচয় নিবিড় হয়। ছাত্রজীবনে নিশ্চয়ই বৌদ্ধধর্মের প্রতি পিটার বেট্স এর অনুরাগ জন্মেছিল। আর তখনই বন্ধু বার্নার্ড বুদ্ধিস্ট সোসাইটির সভাপতি হয়েছিলেন।

হকিং-এর কাছে কাজ শেষ হবার পর ১৯৭৬ সালে বার্নার্ড কার ট্রিনিটির ফেলো নির্বাচিত হন। নিজের বিভাগে তিনি 'সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ কাউন্সিল ফেলোশিপ' লাভ করেন। ১৯৭৯ সালে 'লিন্ডেম্যান ফেলোশিপ' নিয়ে আমেরিকায় যান ও কয়েকটি বিশ্ববিদ্যালয়ে কাজ করেন। ১৯৮০ সালে সিনিয়র ফেলোশিপ নিয়ে নিজের বিভাগে ফিরে আসেন বার্নার্ড। বছর পাঁচ গবেষণা করেন। ১৯৮৫ সালে লন্ডন বিশ্ববিদ্যালয়ের কুইন মেরি কলেজ তাঁকে চাকুরিতে যোগদানের আমন্ত্রণ জানায়। ১৭৮৫ সালে চারটি কলেজ মিলে এই কলেজ তৈরি হয়েছিল। ১৯১৫ সালে কলেজটি লন্ডন বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছে। ২০১০ সালের সমীক্ষায় কুইন্স মেরি কলেজ ইউরোপে ৩৫ ও পৃথিবীতে ১২০ নম্বর জায়গা পেয়েছে। কলেজের ছাত্র ও অধ্যাপক মিলিয়ে পাঁচজন নোবেলজয়ী মানুষ রয়েছেন। এঁদের চারজনই পেয়েছেন চিকিৎসাবিদ্যায়। একজন শান্তি নোবেল পুরস্কার পেয়েছেন। চিকিৎসাবিদ্যার চার নোবেলজয়ীর মধ্যে একজনের জন্য আমরা ভারতীয়রা চিরকাল গর্ব বোধ করব। তাঁর নাম রোনাল্ড রস। ম্যালেরিয়ার জীবাণু আবিষ্কর্তা। কলকাতা শহরে গবেষণা করে নোবেল লাভ করেছেন। শান্তি নোবেল পেয়েছেন যোসেফ রটব্ল্যাট যিনি পাগওয়াশ শান্তি আন্দোলনের সবসেরা পথিকৃৎ।

কুইন মেরি কলেজ থেকে বার্নার্ড আর কোথাও যাবার কথা ভাবেননি। এই কলেজে এখন তিনি গণিত ও জ্যোতির্বিদ্যার অধ্যাপক। অধ্যাপনা ও গবেষণার কাজে তিনি বেশ কয়েকবার জাপান ও আমেরিকায় গিয়েছেন। জাপানে কিয়োটো বিশ্ববিদ্যালয় ও টোকিও বিশ্ববিদ্যালয়ে পড়িয়েছেন। আমেরিকার ফার্মিল্যাবে কাজ করেছেন। তাঁর গবেষণাপত্রের সংখ্যা একশোরও বেশি। বার্নার্ডের লেখা বই 'কসমোলজিক্যাল গ্র্যাভিটেশনাল ওয়েভ' ১৯৮৫ সালে 'অ্যাডামস্ প্রাইজ' পেয়েছে। খুব পুরনো ও সম্মানিত পুরস্কার। ১৮৫০ সালে চালু হয়েছে। পুরস্কার জয়ীদের তালিকায় রয়েছেন ম্যাক্সওয়েল, টমসন থেকে শুরু করে বহু বিশ্বসেরা বিজ্ঞানী। বলতেই হয়, বার্নার্ড কারের গবেষণা অভিভাবক স্টিফেন হকিং এই পুরস্কার পেয়েছিলেন ১৯৬৬ সালে। আমাদের দেশের বিজ্ঞানী হোমি জাহাঙ্গির ভাবা ও জয়ন্ত বিষ্ণু নারলিকার পেয়েছেন এই পুরস্কার।

পদার্থবিজ্ঞান ও জ্যোতির্বিদ্যার বাইরে তাঁর মনোবিদ্যা বিষয়ে রয়েছে গভীর আগ্রহ। শুধু যে আগ্রহ দেখান এমনটা নয়। মনঃসমীক্ষণের যে সংস্থা রয়েছে তার তিনি তিরিশবছরের বেশি সময় ধরে সদস্য রয়েছেন। মনঃসমীক্ষণ গবেষণা শাখার তিনি একাধিকবার সভাপতি ছিলেন। ২০০০ থেকে ২০০৪ সাল পর্যন্ত বার্নার্ড ' সোসাইটি ফর সাইকিক্যাল রিসার্চ' এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। ব্রিটেনে রয়েছে 'সায়েন্টিফিক অ্যান্ড মেডিক্যাল নেটওয়ার্ক' নামে একটি সংগঠন। বার্নার্ড কার তার অধিকর্তা। বলতে দ্বিধা নেই, বিজ্ঞানের এই শীর্ষস্থানীয় গবেষক কেমন যেন মাঝে মাঝে রহস্যময়তার প্রতি দুর্বলতা প্রকাশ করেন। নইলে কেন তিনি 'জন টেম্পলটন ফাউন্ডেশন' থেকে গবেষণার টাকা চাইবেন? এই ফাউন্ডেশনের বয়স সবে হল পঁচিশ বছর। মানবজীবনের মূল উদ্দেশ্য কী হলে ভালো হয়, এ নিয়ে এরা পরামর্শ দেন। চরম সত্যের অনুসন্ধানী এরা। পৃথিবীর তথাকথিত আপাত সত্যে আগ্রহ কম। ২০১০ সালে এরা অনেকটাই ভিন্ন মোড়কে নিজেদের পরিচয় দিতে চেয়েছে। যেসব বিষয় নিয়ে গবেষণা করলে ওদের কাছ থেকে টাকা পাওয়া যেতে পারে সেগুলি ওরা বিজ্ঞাপনে প্রচার করেছে। একটা দুটো বিজ্ঞানের বিষয় আছে। কতগুলো আছে ধর্মবিদ্যা ও অতীন্দ্রিয়বাদ মিলেমিশে দেখার বিষয়। এমন গবেষণা যে বিজ্ঞানধর্মকে ক্ষুণ্ণ করে এ নিয়ে কোনো সন্দেহ নেই। তবে ইতিহাস ঘাঁটতে গিয়ে দেখা গেছে, কখনও কখনও এরা বিজ্ঞানের সত্যকে সকলের উপরে (ইচ্ছেয় হোক বা অনিচ্ছেয় হোক) জায়গা দিয়েছে। সামাজিক চিন্তাভাবনার ক্ষেত্রে বা সমাজ ও বিজ্ঞানের সম্পর্ক বিষয়ে মাস্টারমশাই ও ছাত্রেরা যে একই পথের পথিক হবেন এমন কোনো কথা নেই। বার্নার্ড কার আর স্টিফেন হকিং তার পরিষ্কার উদাহরণ। বিজ্ঞানের বেলায় হকিং যেখানে বলছেন, 'গড ইজ আননেসেসারি', এককালের গবেষক ছাত্র বার্নার্ড বলছেন, বিজ্ঞান ও ধর্মের সম্পর্ক বিষয়ে তাঁর গভীর আগ্রহ রয়েছে। এই বিষয়ে তিনি নানা জায়গায় বলছেনও। ২০০৭ সালে বার্নার্ড 'ইউনিভার্স অর মাল্টিভার্স?'


শিরোনামে একটি বই সম্পাদনা করেছেন। সেখানে স্টিফেন হকিং-এরও একটি লেখা রয়েছে। টেম্পলটন পুরস্কারের বিষয়টিও তাঁর ভেবে দেখার মতো। 'ফান্ডামেন্টাল ফিজিক্স অ্যান্ড দি প্রবলেম অফ আওয়ার এক্‌জিসটেন্স।' ধর্ম আর বিজ্ঞান মিলেমিশে আছে।

মাস্টারমশাই স্টিফেন হকিং-এর সত্তরতম বছরে কী লিখেছিলেন বার্নার্ড কার, আমরা এবার দেখব।

১৯৭৪ সালের কথা। স্টিফেন হকিং বলেছিলেন, কোয়ান্টাম প্রভাবের সহায়তা নিয়ে কৃষ্ণগহ্বরের তাপীয় বিকিরণ ব্যাখ্যা করা যায়। বার্নার্ড বললেন, বিংশ শতাব্দীর পদার্থবিদ্যায় যে কটি বড়ো কাজ হয়েছে এটি সেই তালিকায় জায়গা পাবে। তার কারণও তিনি বলেছেন। পদার্থবিদ্যার তিনটি শাখা কোয়ান্টাম তত্ত্ব, সাধারণ আপেক্ষিকতা ও তাপগতিবিদ্যা। এদের আগে মেলানো যায়নি। হকিং-এর এই কাজ তিনটি শাখার মিলন ঘটিয়েছে। যেভাবে হকিং মেলাবার কাজটি করেছেন তা এমনই সুন্দর যে নির্ভুল না ভেবে উপায় নেই। বিজ্ঞানে কোনো কথাকে 'নির্ভুল' বলতে চাইলে তার পরীক্ষামূলক প্রমাণ চাই। সেই প্রমাণ অবিশ্যি আজও আমরা করে উঠতে পারিনি। বিখ্যাত পদার্থবিদ জন হুইলারও এমন কাজের প্রভূত প্রশংসা করেছেন।

১৯৭৪ সালে হকিং-এর গবেষক ছাত্র ছিলেন বার্নার্ড। তিনি প্রতিদিন হকিংকে দেখেছেন, কেমন করে হকিং কাজ করছেন। কেমব্রিজে সেই দিনগুলির কথা মনে পড়লে বার্নার্ডের আজও খুব ভালো লাগে। কী হতে পারে এমন কাজের মহাজাগতিক পরিণতি, এই নিয়ে ভেবেছেন বার্নার্ড। চোখে পড়ার মতো গবেষণাপত্র রচনা করেছেন। বার্নার্ডের স্বরে উচ্চারিত হয় গভীর কৃতজ্ঞতা। হকিং তাঁর কাজটি না করলে বার্নার্ড তাঁর কাজ করতে পারতেন না।

আগেই বলেছি, বার্নার্ড ছিলেন হকিং-এর প্রথম দিককার ছাত্র। অনেকেই বার্নার্ডকে জিজ্ঞেস করতেন, 'গাইড' হিসেবে হকিং কেমন? তখন হকিং এখনকার মতো বিশ্বজোড়া নাম কেনেননি। যদিও তাঁর বুদ্ধি ও মেধার কথা কেমব্রিজের চত্বরে বহুল প্রচারিত ছিল। ছাত্র হিসেবে কাজ করতে এসে বার্নার্ড প্রতিদিন তাঁর পরিচয় পেয়েছেন। বিভাগের একজন টিউটর বার্নার্ডকে আগেই বলেছিলেন, বিভাগে যতজন রয়েছেন হকিং সকলের সেরা। গবেষণার অভিভাবক যদি খুব বড়ো মাপের বিজ্ঞানী হন, ছাত্রদের প্রতি পদে একধরনের কুণ্ঠা ও ভয় কাজ করে। বার্নার্ডেরও যে তেমনটা হয়নি তা নয়। অনেকের চেয়ে তুলনায় বেশিই হয়েছে। তবে পদার্থবিদ্যা জগতের অন্যতম সম্রাট স্টিফেন হকিং, তার অতলান্ত মৌলিক চিন্তা বার্নার্ডের মনে বহু জিজ্ঞাসার জন্ম দিত। সেই জিজ্ঞাসার উত্তর খুঁজতে বার্নার্ডের লেগে যেত বেশ ক'সপ্তাহ। পথের শুধু হদিশ দিতেন হকিং। বার্নার্ড সেই পথ ধরে হাঁটতেন। নতুন জগতের সন্ধান পেতেন।



বার্নার্ড কার

মাস্টারমশাইয়ের কথা বলতে গিয়ে একটা মজার কথা বলেছেন বার্নার্ড। একবার বার্নার্ড ও হকিং দুজনেই ক্যালটেকে রয়েছেন। পাশাপাশি বসবেন ওঁরা। একটা প্রশ্ন বেশ কদিন ধরেই বার্নার্ডের মনে উঁকি দিচ্ছিল। উত্তর খুঁজে পাচ্ছিলেন না তিনি। উদ্ধারকর্তা তো পাশেই রয়েছেন। হকিংকে প্রশ্নটা জিজ্ঞেস করলেন বার্নার্ড। চুপ করে কয়েক মিনিট হকিং কী যেন ভাবলেন। বার্নার্ডের মনে বেশ খানিকটা অহঙ্কারই হল। এমন প্রশ্ন তাহলে বার্নার্ডের ভাবনায় ধরা দিতে পারে যা হকিংকেও পরাস্ত করছে! এরপর হকিং ভাবতে ভাবতে চোখ বুঁজে ফেললেন। বার্নার্ড তো আরও উত্তেজিত। সত্যিই প্রশ্নটা গভীরভাবে হকিংকে ভাবিয়ে তুলেছে। চটজলদি জবাব দিতে পারছেন না হকিং। বেশ কিছুক্ষণ পর বোঝা গেল, হকিং ঘুমিয়ে পড়েছেন। বার্নার্ড তারপর যা বলেছেন তা আরও চমৎকার। আজকাল নাকি বার্নার্ডেরও তেমন হয়। মাঝে মাঝে ছাত্রদের প্রশ্নবাণের মাঝখানে ঘুমিয়ে পড়েন।

বার্নার্ড যখন হকিং-এর কাছে গবেষণা করছেন তখন হকিং হুইল চেয়ারেই চলাফেরা করতেন। তখনও তাঁর সেই হুইল চেয়ারে মোটর লাগানো ছিল না। নিজে তিনি চালিয়ে নিয়ে যেতেন। মানুষ যে কতো রকমের কাহিনি তৈরি করে! কেউ কেউ আড়ালে আবডালে বলতেন, ছাত্রদের দিয়েই তো হকিং হুইল চেয়ার চালিয়ে নেন। অতশত না ভেবে একবার গণিত বিভাগের কমনরুমে চা খাবার সময় হকিং এর হুইল চেয়ার চালিয়ে নিতে এসেছিলেন বার্নার্ড। ভেবেছিলেন 'উপকার' করবেন। এমন জোরে 'না' বলে উঠেছিলেন হকিং যে চেয়ারটা ছাড়া পেয়ে খানিকটা পিছিয়ে গেল। যেন সে ভয় পেয়েই পিছিয়ে গেছে। একটা মাত্র 'না' শব্দ যে আবহ তৈরি করেছিল সেদিন, বার্নার্ড ভুলতে পারেননি।

ছাত্র-শিক্ষকের সম্পর্কে কোনো দূরত্ব অনুভব করেননি বার্নার্ড। যতদিন না নার্স তাঁকে দেখাশুনো করার ভার নিয়েছে, ছাত্ররা হকিংকে নানাভাবে সহযোগিতা করেছেন। কেউ ঘুণাক্ষরেও করুণা করার কথা ভাবেননি। হকিং যখন আমেরিকার ক্যালটেকে গিয়েছেন, বার্নার্ড তাঁর সঙ্গী ছিলেন। দুজনে একই ঘরে একবছর পাশাপাশি কাজ করেছেন। হকিং পরিবারের সঙ্গে একই অ্যাপার্টমেন্টে থেকেছেন। যখন যেখানে গিয়েছেন হকিং, বার্নার্ড তাঁর নিত্য সঙ্গী। বক্তৃতা দিয়েছেন। পদক কুড়িয়েছেন। পাশেই থাকতেন বার্নার্ড।

হকিং-এর সঙ্গে থাকতে পেরে একটা অভাবনীয় প্রাপ্তি ঘটেছে বার্নার্ডের জীবনে। পৃথিবীর সেরা পদার্থবিদদের সান্নিধ্য পেয়েছেন। তাঁদের কথোপকথন শুনতে পেয়েছেন। রোমাঞ্চিত হয়েছেন মুহূর্তে মুহূর্তে। স্টিফেন হকিং তখন ক্যালটেকে 'ফেয়ারচাইল্ড স্কলার'

হিসেবে এসেছিলেন। ক্যালটেক বললেই যে পদার্থবিদের কথা আমাদের প্রথমে মনে পড়ে তিনি রিচার্ড ফাইনম্যান। বার্নার্ড বলছেন, ফাইনম্যান তখন সেদেশে 'ঈশ্বর' হিসেবে বিবেচিত হচ্ছেন। বার্নার্ড ভুলতে পারেননি, ফাইনম্যানের সঙ্গে হকিং-এর প্রথম সাক্ষাৎকারের কথা। ফাইনম্যান প্রায়ই হকিং-এর কাছে আসতেন। কথা হত দুজনের। হকিং-এর কণ্ঠস্বর তখন খুবই ক্ষীণ হয়ে গিয়েছে। শোনাই যেত না প্রায়। কী বলছেন হকিং, বার্নার্ড বুঝতে পারতেন। তিনি অনেকটা দোভাষীর কাজ করতেন। ফাইনম্যান আর হকিং দুজনের ভাষা তো ইংরেজিই। মার্কিনি টান। ব্রিটিশ টান। এইটুকুই যা আলাদা।

১৯৮৫ সাল। চীনদেশে আমন্ত্রিত হয়েছেন স্টিফেন হকিং। ১৯৮৬ সালে বেজিং শহরে ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়ন-এর সম্মেলন বসবে। তার আগে হকিং এর এই সফর। এই সফরেও সঙ্গী ছিলেন বার্নার্ড। তখন এক দুর্লভ সুযোগ অর্জন করেন তিনি। ট্রেনের লম্বা সফর। হকিং তখন পাণ্ডুলিপিটি শেষ করেছেন তাঁর সবচেয়ে বিখ্যাত বইয়ের। 'এ ব্রিফ হিস্ট্রি অফ টাইম'। সেই পাণ্ডুলিপি পড়ার সুযোগ পেলেন বার্নার্ড। তখন অবিশ্যি বার্নার্ডের মনে হয়েছিল, এই বই বাজারে বিকোবে না। তিনি যে ভুল ভেবেছিলেন একথা বলতে দ্বিধা করেননি।

চীন থেকে ঘুরে এসে ভয়ানক অসুখে পড়েন হকিং। নিউমোনিয়া ধরা পড়ে। কণ্ঠস্বর পুরোপুরি স্তব্ধ হয়ে যায়। মাঝে মাঝে হকিংকে আমাদের অশ্বমেধের ঘোড়সওয়ার বলে মনে হয়। শরীরটা তাঁর অশ্বমেধের ঘোড়া। তিনি নিজে তার সওয়ার হয়ে লড়াই করে চলেছেন। আর সব লড়াইয়ে জিতেছেন। এরপর থেকে কম্পিউটার-ই তাঁর 'কণ্ঠস্বর' হয়ে দাঁড়াল। এর গতি খুব ধীর। তাই ভাবলে বিস্ময় জাগে, এই মানুষটি কেমন করে বিজ্ঞান জনপ্রিয়করণের অন্যতম শ্রেষ্ঠ পুরুষ হয়ে উঠলেন। তিনি এমনকি নিজের মেয়ের সঙ্গে ছোটোদের জন্যও বই লিখেছেন। একটি বইয়ে বার্নার্ডের একটি লেখা নিয়েছেন হকিং। বার্নার্ড বললেন, 'আমার যে কোনো গবেষণাপত্রের চেয়ে ওই লেখা যে অনেক বেশি মানুষ পড়েছেন, আমি নিশ্চিত হয়ে বলতে পারি।' মানুষের নানা গভীর প্রশ্ন হকিং-এর মনকে সতত আলোড়িত করে। সেই প্রশ্ন নিয়ে তিনি তাঁর অবস্থান ঘোষণা করেন। বিজ্ঞান গবেষণা জগতেই শুধু নয়। সাধারণ মানুষের কাছেও তিনি এক অনুপ্রেরণার চরিত্র হিসেবে পরিচিতি অর্জন করেছেন। এবার আমরা বার্নার্ড কারের প্রকাশিত গবেষণাপত্রের তালিকা যোগ করছি।

প্রকাশিত গবেষণাপত্রের তালিকা

Do Evaporating 4D Black Holes Form Photospheres and / or Chromospheres?, J. H. MacGibbon, B. J. Carr and D. N. Page (2010)

The POINT-AGAPE Survey : Comparing Automated Searches of Microlensing Events toward M31, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2009)

Cosmological wormholes, Hideki Maeda, Tomohiro Harada and B. J. Carr. (2009)

New cosmological constraints on primordial black holes, B. J. Carr, Kazunori Kohri, Yuuiti Sendouda and Jun'ichi Yokoyama (2009)

Can a primordial black hole or wormhole grow as fast as the universe ?, B. J. Carr, Tomohiro Harada, Hideki Maeda (2010)

Future seeding experiments at SPARC, L. Poletto, G. Tondello, S. De Silvestri, M. Nisoli, G. Sansoni, S. Stagira, P. Musumeci, M. Petrarca, M. Mattioli and M. Labat *et al.* (2006)

Recent developments in the search for baryonic dark matter, Bernard J. Carr (2001)

Baryonic dark matter in galaxies, Bernard J. Carr (2000)

Universe or multiverse ?, Bernard J. Carr, (Ed.) (2007)

Classical novae from the pointagape microlensing survey of m31. 2. rate and statistical characteristics of the nova population, Matt J. Darnley, M. F. Bode, E. Kerins, A. M. Newsam, J. An, P. Baillon, V. Belokurov, S. Calchi Novati, Bernard J. Carr, M. Creze *et al.* (2005)

Classical novae from the POINT-AGAPE microlensing survey of M31. 1. The Nova catalogue. Matt J. Darnley, M.F. Bode, E. Kerins, A.M. Newsam, J. An, P. Baillon, S. Calchi Novati, Bernard J. Carr, M. Creze, N. W. Evans *et al.* (2004)

A short timescale candidate microlensing event in the point-agape pixel lensing survey of m31, M. Auriere, P. Baillon, A. Bouquet, Bernard J. Carr, M. Creze, N.W. Evans, Y. Giraud-Heraud, A. Gould, Paul C. Hewett, J. Kaplan et al. (2001)

Frontiers of Modern Physics. New Perspectives on Cosmology, Relativity, Black Holes and Extraterrestrial Intelligence, T. Rothman, Bernard J. Carr, R. Matzner, A. C. Ottewill, T. Piran, L. C. Shepley, E.C.G Sudarshan, F. J. Tipler and W. Unruh. (1985)

Some cosmological consequences of primordial black-hole evaporations, Bernard J. Carr (1976)

Introduction and overview, Bernard J. Carr (2007)

Primordial black holes : Do they exist and are they useful ?, Bernard J. Carr (2005)

Primordial black holes : Recent developments, Bernard J. Carr (2005)

Primordial black holes as a probe of cosmology and high energy Physics, Bernard J. Carr (2003)

Primordial black holes, Bernard J. Carr (2002)

Primordial black holes and gravitational memory, Bernard J. Carr and C. A. Goymer (2000)

Recent developments in the search for MACHOs, Bernard J. Carr (2000)

Primordial black holes as a probe of the early universe and a varying gravitational constant, Bernard J. Carr (2000)

A Classification of spherically symmetric selfsimilar dust models, Bernard J. Carr (2000)

Baryonic and nonbaryonic dark matter, Bernard J. Carr (1999)

Spherically symmetric selfsimilar solutions and their astrophysical and cosmological applications, Bernard J. Carr (1999)

Cosmic rays from evaporating black holes, Bernard J. Carr (1998)

Baryons as dark matter, Bernard J. Carr (1997)

Primordial black holes and inflation, Bernard J. Carr (1996)

Conference overview, Bernard J. Carr (1996)

Baryonic dark matter constraints and observational prospects, Bernard J. Carr (1994)

Black holes in cosmology and astrophysics, Bernard J. Carr (1990)

Observational constraints on baryonic dark matter, Bernard J. Carr (1990)

General relativity and the early universe, Bernard J. Carr (1989)

Astrophysical and observational cosmology, Bernard J. Carr (1989)

The State of The Universe, Bernard J. Carr (1988)

Observational and theoretical aspects of dark matter, Bernard J. Carr (1987)

Density Fluctuations at the Planck epoch, Bernard J. Carr (1986)

Black Holes, Pregalactic Stars, and the Dark Matter Problem, Bernard J. Carr (1985)

The Origin of Cosmological Density Fluctuations, Bernard J. Carr (1984)

The Origin of Entropy and Galaxy Formation, Bernard J. Carr (1980)

The Primordial black hole mass spectrum, Bernard J. Carr (1975)

The Formation and evaporation of primordial black holes, Bernard J. Carr (1994)

Searches for dark matter in the form of brown dwarfs, Bernard J. Carr (1994)

Baryonic dark matter, Bernard J. Carr (1994)

Bremsstrahlung Effects around Evaporating Black Holes, Don N. Page, Bernard J. Carr and Jane H. MacGibbon (2007)

Do Evaporating Black Holes Form Photospheres ? Jane H. MacGibbon, Bernard J. Carr and Don N. Page (2007)

Self-similar cosmological solutions with dark energy. II. Black holes, naked singularities and wormholes, Hideki Maeda, Tomohiro Harada and Bernard J. Carr (2007)

Self-similar cosmological solutions with dark energy. I. Formulation and asymptotic analysis, Tomohiro Harada, Hideki Maeda and Bernard J. Carr (2007)

Non-existence of self-similar solutions containing a black hole in a Universe with a stiff fluid or scalar field or quintessence, Tomohiro Harada, Hideki Maeda and Bernard J. Carr (2006)

Super-horizon primordial black holes, Tomohiro Harada and Bernard J. Carr (2005)

Automated detection of classical novae with neural networks, S. Feeney, V. Belokurov, N. W. Evans, J. An, Paul C. Hewett, M. Bode, M. Darnley, E. Kerins, P. Baillon, Bernard J. Carr *et al*. (2005)

POINT-AGAPE pixel lensing survey of M31 : Evidence for a MACHO contribution to galactic halos, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2005)

Growth of primordial black holes in a universe containing a massless scalar field, Tomohiro Harada and Bernard J. Carr (2004)

Upper limits on the size of a primordial black hole, Tomohiro Harada, Bernard J. Carr (2004)

The POINT-AGAPE Survey 1 : The Variable stars in M31, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2004)

The anomaly in the candidate microlensing event pa-99-n2, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2003)

Theory of pixel lesnsing towards M31. 2. The Velocity anisotropy and flattening of the MACHO distribution, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2003)

The POINT-AGAPE survey : No need for MACHOs in M31? Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2002)

A Candidate M31/M32 intergalactic microlensing event, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2002)

Tolman-Bondi collapse in scalar tensor theories as a probe of gravitational memory, Tomohiro Harada, C. Goymer and Bernard J. Carr (2001)

Theory of pixel lensing towards m31 I : the density contribution and mass of machos, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2000)

Gravitational memory? A Perturbative approach, T. Harada, Bernard J. Carr and C. A. Goymer (2000)

Wormholes in vacuum Brans-Dicke theory, Xing-Guo Xiao, Bernard J. Carr and Liao Liu (1996)

Formation and evaporation of primordial black holes in scalar-tensor gravity theories, John D. Barrow and Bernard J. Carr (1996)

Primordial black holes and the spectral index, J.E. Lidsey, Bernard J. Carr and J. H. Gilbert (1995)

Probing the galactic dark matter mass function using microlensing and direct searches, E. J. Kerins and Bernard J. Carr (1994)

Infrared searches for dark matter in the form of brown dwarfs, E. J. Kerins and Bernard J. Carr (1993)

Cosmic Background Distortions and Anisotropies from Primeval Dust, J. R. Bond, Bernard J. Carr and C. J. Hogan (1989)

Why Should Baryons And Exotic Relic Particles Have Comparable Densities?, Michael S. Turner and Bernard J. Carr (1987)

Can Black Holes In Classical Kaluza-klein Theory Have Scalar Hair ?, L. Sokolowski and Bernard J. Carr (1986)

Large Scale Structure in The Explosion Scenario, S. Saarinen, A. Dekel and Bernard J. Carr (1986)

Possible Significance of a New Dimensionless Ratio in Cosmology, Michael S. Turner and Bernard J. Carr (1986)

Spectrum and Anisotropy of the Cosmic Infrared Background, J. R. Bond, Bernard J. Carr and C. J. Hogan (1985)

The Evolution and fate of Very Massive Objects, J. R. Bond, W. D. Arnett and Bernard J. Carr (1984)

The Influence of Cosmological Gravitational Waves on A Newtonian Binary System, Bahram Mashhoon, Bernard J. Carr and B. L. Hu (1981)

The Prospects of Detecting Gravitational Background Radiation by Doppler Tracking Interplanetary Spacecraft, B. Bertotti and Bernard J. Carr (1980)

Black holes from blue spectra, James E. Lidsey, Bernard J. Carr and J. H. Gilbert (1994)

Cosmic backgrounds from primeval dust, J. R. Bond, Bernard J. Carr and C. J. Hogan (1990)

The Similarity hypothesis in general relativity, Bernard J. Carr (2005)

Quantum black holes, Bernard J. Carr (2005)

Space-time structure of selfsimilar spherically symmetric perfect fluid solutions, Bernard J. Carr (2002)

An Asymptotic analysis of spherically symmetric perfect fluid similarity solutions, Bernard J. Carr and A. A. Coley (2000)

Physical interpretation of selfsimilar spherically symmetric perfect fluid models : Combining the comoving and homothetic approach, Bernard J. Carr, A. A. Coley, M. Goliath, U. S. Nilsson and C. Uggla (1999)

A Complete classification of spherically symmetric perfect fluid similarity solutions, Bernard J. Carr and A. A. Coley (1999)

Critical phenomena and a new class of selfsimilar spherically symmetric perfect fluid solutions, Benard J. Carr, A. A. Coley, M. Goliath, U. S. Nilsson and C. Uggla (1999)

Cosmic rays from primordial black holes and constraints on the early universe, Bernard J. Carr and J. H. MacGibbon (1998)

Selfsimilarity in general relativity, Bernard J. Carr and A. A. Coley (1998)

Black hole relics and inflation : Limits on blue perturbation spectra, Bernard J. Carr, J. H. Gilbert and James E. Lidsey (1994)

Primordial black holes and generalized constraints on chaotic inflation, Bernard J. Carr and James E. Lidsey (1993)

Searching for MACHOs, Bernard J. Carr and J. Primack (1990)

How Large Were The First Pregalactic Objects ?, Bernard J. Carr and M. J. Rees (1984)

The anthropic principle and the structure of the physical world, Bernard J. Carr and M. J. Rees (1979)

Black holes in the early Universe, Bernard J. Carr and S. W. Hawking (1974)

Does Explaining S Need More Than Guts ? Bernard J. Carr and Michael S. Turner (1980)

The Dark matter problem : Recent developments, Bernard J. Carr (1989)

The POINT-AGAPE Survey. 2. An Unrestricted search for microlensing events towards M31, Y. Tsapras, B. J. Carr, M. J. Weston, E. Kerins, P. Baillon, A. Gould and S. Paulin-Henriksson (2008)

Cosmic rays from primordial black holes, Jane H. MacGibbon and Bernard J. Carr (1991)

Dynamical constraints on dark compact objects, Bernard J. Carr and M. Sakellariadou (1997)

Cosmological implications of COBE, Bernard J. Carr, J. R. Bond and C. J. Hogan (1990)

100. Soliton Solutions and Cosmological Gravitational Waves, Bernard J. Carr and E. Verdaguer (1984)

Persistence of black holes through a cosmological bounce, B. J. Carr and A. A. Coley (2011)

Generalized Uncertainty principle and Selfdual Black Holes, Bernard Carr, Leonardo Modesto and Isabeau Premont-Schwarz (2011)

LUNEX5 : A French FEL Test Facility Light Source Proposal, G. Devanz, M. Luong, B. Carr, L. Farvacque, G. Lebec, G. Lambert, A. Lifschitz, V. Malka, A. Rousse and J. Luning *et al.* (2012)

104. MACCHIOs as cold dark matter, Bernard J. Carr (2006)

সহকর্মীর চোখে হকিং

হকিং-এর সত্তরতম জন্মদিনে কলম ধরেছেন পৃথিবীর অন্যতম সেরা এক বিজ্ঞানী মার্টিন রীজ। বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ জ্যোতির্বিদ তিনি। 'অ্যাস্ট্রোনোমার রয়াল' পদ অলংকৃত করেছেন। ২০১১ সালে যখন মার্টিন এক মিলিয়ন পাউন্ড ' টেম্পলটন পুরস্কার' পেলেন, প্রশস্তি ও অস্বস্তি দুই-ই দেখেছে পৃথিবী। যেদিন এই পুরস্কার ঘোষিত হয়েছে তার একদিন আগে বিজ্ঞানীর সাক্ষাৎকার নিয়েছেন বিশিষ্ট বিজ্ঞান সাংবাদিক ইয়ান স্যাম্পল। সেখানে মার্টিন পরিষ্কার জানিয়েছেন, 'কোনো ধর্মীয় বিশ্বাসে আমার বিন্দুমাত্র আস্থা নেই।' একবিংশ শতাব্দীর পৃথিবী তাঁকে চিন্তিত করে। বিষণ্ণ কণ্ঠে জানান, এই শতাব্দীতে মানবপ্রজাতির বেঁচে থাকার সম্ভাবনা যতটা, ধ্বংস হয়ে যাওয়ার সম্ভাবনা ততটাই। মার্টিন বিজ্ঞানী হকিং-এর সত্তরতম জন্মদিনে তাঁকে অভিনন্দন জানিয়েছেন। দুজন দুজনের বন্ধু। সহকর্মীও ছিলেন একসময়। ১৯৬৪ সালে মার্টিন রীজ যখন কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে পড়তে যান, তাঁর চেয়ে দুবছরের সিনিয়র ছিলেন স্টিফেন হকিং। চলতে ফিরতে তখনই তাঁর কষ্ট হত। কথা জড়িয়ে যেত। ভেবে খারাপ লাগত, এমন অসুখ দেখা দিয়েছে, হকিং তাঁর ডক্টরেট ডিগ্রির কাজ শেষ করে যেতে পারবেন না। মার্টিন রীজের কথাতেই বলি। সত্তর বছরে পা রেখেছেন হকিং। তাঁর শুধু বেঁচে থাকাটাই চিকিৎসা জগতের বিস্ময়। আর তিনি তো শুধুমাত্র বেঁচে নেই। সৃষ্টির মৌলিক সত্তার নিয়ে বেঁচে আছেন। পৃথিবীর সম্ভবত সবচেয়ে খ্যাতিমান বিজ্ঞানী। গবেষণা তাঁকে এই খ্যাতি এনে দিয়েছে। তাঁর বেস্টসেলিং বইগুলি তাঁকে এই খ্যাতি এনে দিয়েছে। সুউচ্চ প্রতিবন্ধকতাকে হেলায় সরিয়ে ফেলে কেমন করে বেঁচে থাকা যায়, হকিং এর সেই বিরামহীন জয়যাত্রা তাঁকে এই খ্যাতি এনে দিয়েছে।

জ্যোতির্বিদেরা বড়ো সংখ্যা নিয়ে কাজ করেন। কিন্তু কখনও কখনও খুব ছোটো সংখ্যাও বড়োর চেয়ে বড়ো হয়ে উঠতে পারে। তরুণ বয়সে সে 'মৃত্যুদণ্ড' পেয়েছিল, তাঁর দীর্ঘ ও সার্থক জীবনকে অভিনন্দন জানানোর কোনো ভাষা নেই।

স্টিফেন হকিং সেন্ট অ্যালবান্স স্কুল থেকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে গিয়েছেন। পেছন বেঞ্চিতে বসা ছাত্রটির মেধা ছিল অবর্ণনীয় যা তাঁকে প্রথম শ্রেণি এনে দেয়। আর প্রথম শ্রেণির 'প্রবেশপত্র' এনে দেয় তাঁর কেমব্রিজে গবেষণার সুযোগ।

অসুখ দেখা দেওয়ার অল্প দিনের মধ্যেই তাঁকে হুইল চেয়ার নিতে হয়। ভীষণ পরিচিত কয়েকজন ছাড়া তখন কেউই তাঁর কথা বুঝতে পারতেন না। কিন্তু এমন হলেও বা হবেটা কী। গবেষণার উচ্চতা তাঁর দিন দিন বেড়েই চলেছে। 'কৃষ্ণগহ্বর' এর কথা ঘোষণা করে তিনি ইতিহাস তৈরি করলেন। বললেন আমাদের, কেমন করে সৃষ্টি হয়েছে বিশ্বব্রহ্মাণ্ড। ১৯৭৪ সালে মাত্র বত্রিশ বছর বয়সে রয়াল সোসাইটির ফেলো হলেন।

শুরুতে ভেবেছিলাম, আর বোধহয় হকিং সেরে উঠলেন না। তাঁর কাছ থেকে বোধহয় আর নতুন কিছু আশা করে লাভ নেই। পরে ভুল ভাঙল। এ তো সবে তিনি শুরু করেছেন। ওই সময় আমার মতো তিনিও 'কেমব্রিজ ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোনমি'-তে কাজ করতেন। মাঝে মাঝে তাঁর হুইল চেয়ারটা আমি অফিসে নিয়ে যেতাম। তিনি আমাকে কোয়ান্টাম তত্ত্বের কোনো বই খুলে দিতে বলতেন—এই বিষয়টি যে তাঁর খুব আগ্রহের বিষয় ছিল এমনটা নয়। ঘণ্টার পর ঘণ্টা হুইল চেয়ারে নিশ্চল বসে থাকতেন। বইয়ের পৃষ্ঠা উল্টোতেও কারও না কারও সহায়তা নিতে হত। আমি অবাক হয়ে ভাবতাম, কী ঢেউ বইছে তাঁর মনে। একবছরের মাথাতেই অসাধারণ এক আবিষ্কার তাঁর হাতে রচিত হল। সেই আবিষ্কারের সারকথা একটি সমীকরণে বাঁধলেন তিনি। বন্ধুদের বললেন, 'পৃথিবী ছেড়ে চলে গেলে আমার স্মৃতিস্তম্ভে সেই সমীকরণটি খোদাই করে দিও।'

বিজ্ঞানের আলাদা আলাদা আবিষ্কারকে যাঁরা এক সূত্রে গাঁথতে পারেন তাঁদের প্রতিভার তুলনা হয় না। হয়তো দেখে মনে হল, দুটো আবিষ্কার দুরকম কথা বলছে। যিনি তাদের মেলাতে পারেন তিনি বিজ্ঞানজগতের অনন্য চরিত্র। একটা উদাহরণ দেওয়া যেতে পারে। বিজ্ঞানী আইজাক নিউটন যেমন বলেছিলেন, যে বলের আকর্ষণে একটি আপেল মাটিতে পড়ে ঠিক সেই বলের আকর্ষণেই চাঁদ ও গ্রহগুলি তাদের কক্ষপথে ঘোরে। হকিং যা করতে পেরেছিলেন তা অভাবনীয়। মহাকর্ষ আর কোয়ান্টাম তত্ত্বের অসামান্য ও অপ্রত্যাশিত সম্পর্ক আবিষ্কার করেছিলেন। একথা সত্যি, এই সম্পর্কের আজ পর্যন্ত পরীক্ষামূলক প্রমাণ মেলেনি। তবু বিজ্ঞানজগতে এর প্রভাব বিরাট। আমি বলব, হকিং বিজ্ঞান জগতে আজ পর্যন্ত যত ধারণার জন্ম দিয়েছেন, এটিই সকলের সেরা।

'মহাকর্ষ' নিয়ে আইনস্টাইনের পর তাঁর চেয়ে বেশি অবদান আর কোনো পদার্থবিদ রাখেননি আজও। পৃথিবীর সেরা দশ পদার্থবিদের তালিকায় তাঁর স্থান নিশ্চিত।

উনিশশো সত্তর দশকের শেষদিকে কেমব্রিজে একটি উল্লেখযোগ্য পদ পেলেন হকিং। গণিতবিদ্যার লুকাসিয়ান অধ্যাপক পদ। একসময় এই পদে ছিলেন নিউটন। তিরিশ বছর হকিং লুকাসিয়ান অধ্যাপক পদ অলংকৃত করেছেন। ২০০৯ সালে বয়সের কারণে তাঁকে অবসর নিতে হয়েছে। এখন তিনি 'বিশেষ গবেষক' পদে মর্যাদার সঙ্গে রয়েছেন। কী আশ্চর্য

তাঁর গবেষণার জগৎ। অসীম অনন্ত মহাবিশ্বের সঙ্গে অণু পরমাণুর কোয়ান্টামতত্ত্বের সম্পর্ক অনুসন্ধান করে চলেছেন। উত্তর পেতে চাইছেন, কেমন ছিল বিশ্বব্রহ্মাণ্ডের জন্ম মুহূর্ত। প্রশ্ন তুলেছেন 'আমরা যে বিগ ব্যাং তত্ত্বের কথা বলেছি, শুধু কি তাই সত্যি ?' মাথা অমন পরিষ্কার ক'জন বিজ্ঞানসাধকের আছে ? তাঁর মাথা উত্তর জুগিয়ে দেয়। তৈরি করে দেয় গাণিতিক সম্পর্ক। সঙ্গী কাউকে পাশে দাঁড়িয়ে ব্ল্যাকবোর্ডে সেই জিনিস লিখতে হয়। হকিং এক পলক তাকিয়ে দেখেন। তারপর সহকর্মীকে বলেন। সমীকরণের পরের লাইনে কী লিখতে হবে।



মার্টিন রীজ

১৯৮৭ সালে নিউমোনিয়া হল স্টিফেনের। ট্র্যাকিওটমি করতে হল। যেটুকু কথা বলার ক্ষমতা ছিল তাঁর, সেটুকুও কেড়ে নিতে বাধ্য হলেন চিকিৎসকেরা।

দশবছরের বেশি হয়ে গেল তিনি লিখতে পারছেন না। কথা বলতে পারছেন না। সামনে এক বিরাট বোর্ডে ইংরেজি বর্ণমালার অক্ষরগুলো সাজানো রয়েছে। তিনি চোখ দিয়ে যে অক্ষরের দিকে তাকাবেন তাই পর্দায় ভেসে উঠবে।

প্রযুক্তি তাঁকে বড়োরকমের সহায়তা করেছে। এক হাতের একটা আঙুল তিনি নাড়াতে পারেন। হুইলচেয়ারে লাগানো রয়েছে সিঙ্গল লিভার কম্পিউটার। ওতে ধীরে ধীরে শব্দ লিখতে পারেন। সেই শব্দগুচ্ছ এর পর স্পিচ সিন্থেসাইজারের হাতে প্রাণ লাভ করে। মার্কিনি ভঙ্গীতে তাঁর উচ্চারণ তৈরি করা হয়। তা বাজিয়ে শোনানো হয়। সম্মেলনে তিনি তাৎক্ষণিক বলার ক্ষমতা হারিয়েছেন। তাঁর সকল বক্তৃতাই আগে থেকে রেকর্ড করে নেয়া হয়। কথোপকথন বা মত বিনিময় তাৎক্ষণিকভাবে করার কথা তিনি ভাবতেই পারেন না। ভাবতে তিনি পারেন। হয়তো সকলের আগেই পারেন। তক্ষুনি সকলের কাছে পৌঁছে দিতে পারেন না। তাঁকে একটি শব্দ লিখতে গেলে প্রতি বর্ণপিছু একবার লিভার চাপতে হয়। ওই একটা বাক্য লিখতে তাই কয়েক মিনিট কেটে যায়। যদিও ছোট্ট করে জানাবার কিছু উপায় তিনি বের করে নিয়েছেন। ছোট্ট করে বলেন, রসিকতা মিলিয়ে বলেন। বুদ্ধির ছাপ তো থাকেই। গত কয়েকবছর ধরে দেখছি, কম্পিউটারের লিভারটি তিনি আর আগের মতো চাপ দিতে পারছেন না। যে আঙুলে চাপ দেন, হয়তো তা দুর্বল হয়ে আসছে। এখন তাঁর কাছ থেকে কিছু শুনতে চাইলে আগের চেয়ে বেশিক্ষণ অপেক্ষা করতে হয়।

যখন হকিং-এর অপারেশন হচ্ছিল তার আগে তিনি একটি বই লেখা শেষ করেছেন।

আমাদের মনে হল, ভালোই হয়েছে, তাঁর কাজের কথা বাইরের অনেক মানুষ জানতে পারবেন। তাঁর দুই সন্তান রবার্ট ও লুসি বই থেকে রয়্যালটি পেলে সুবিধে হবে। খরচ বাড়ছে। তখন ওদের কলেজে যাবার বয়স হয়েছে। নিউমোনিয়া থেকে তিনি সেরে উঠলেন। একজন সম্পাদকের সহায়তা নিয়ে বইয়ের কাজ শুরু করলেন।

'এ ব্রিফ হিস্ট্রি অফ টাইম' বইটির মার্কিন সংস্করণ বেরোল। দেখা গেল ছাপার ভুল রয়েছে। একটি ছবি উল্টো করে ছাপা। প্রকাশক জানালেন বই বিক্রি বন্ধ রাখ। সংশোধন হবে। কোথায় সংশোধন! সব বই তখন বিক্রি হয়ে গিয়েছে। আন্দাজ পাওয়া গেল, বইটির চাহিদা তৈরি হয়েছে।

আন্তর্জাতিক খ্যাতি তাঁর ছড়িয়ে পড়ল দেশে দেশে। তাঁর পরের ভাবনাগুলো তিনি 'আওয়ার ইউনিভার্স ইন এ নাটশেল' ও 'গ্র্যান্ড ডিজাইন' বইয়ে লিখেছেন। প্রথম বই যত কপি বিক্রি হয়েছে পরের দুটো অবিশ্যি তেমন হয়নি। কিন্তু পরের বইগুলোতে তাঁর ভাবনা অনেক বেশি স্পষ্ট। যাঁরা এই বইগুলো পড়ছেন তাঁরা বইয়ের শেষ পাতা পর্যন্ত পড়ছেন। এই 'জনপ্রিয়' বই নিয়ে আমার মৃদু সমালোচনা রয়েছে। মানুষ দার্শনিক ও ধর্মতাত্ত্বিকদের বিষয়ে ঔদাসীন্য দেখাচ্ছেন। বহু টেলিভিশন অনুষ্ঠানে অংশ নিয়েছেন হকিং। অ্যালবার্ট হলে বক্তৃতা দিলে হলের একটি আসনও ফাঁকা থাকছে না। একই দৃশ্য আমরা আমেরিকা ও জাপানেও দেখেছি। একটা সুবিধা পাচ্ছেন হকিং। যন্ত্র তাঁর ভাষণ জাপানি, কোরীয় বা অন্য কোনো ভাষায় চটজলদি অনুবাদ করে দিচ্ছে। আমরা সেই সুবিধা পাই না। মার্কিন রাষ্ট্রপতি ক্লিন্টনের হোয়াইট হাউসে বক্তৃতা করেছেন তিনি। কিছুদিন পর ওবামা রাষ্ট্রপতি হলেন। তাঁকে পুরস্কার দেওয়ার কথা ঘোষণা করলেন। হকিং আবার তখন হোয়াইট হাউসে গিয়েছেন। 'স্টার ট্রেক' ও 'দি সিম্পসনস্' ছবিতে তাঁকে দেখেছেন সকলে।

তিনি এমন 'কাল্ট ফিগার' কেমন করে হলেন? পৃথিবীর মানুষ যখন মনে মনে মহাবিশ্বের কথা কল্পনা করে তখন সেই কল্পনার কথা শুনতে চায় সকলে। বদ্ধ মন বিশ্বচরাচরে মুক্তচিন্তা নিয়ে ঘুরে বেড়ায়। যদি তিনি কসমোলজির বদলে জেনেটিক্স বিষয়ে সমান উচ্চতার মৌলিক কাজ করতেন তাঁর জনপ্রিয়তা এত বেশি হত না বলেই মনে হয়। একথার মানে এই নয় যে বিজ্ঞানে তাঁর অবদান কম। সেই তুলনায় জনপ্রিয়তা বেশি।

'বিগ ব্যাং তত্ত্ব' তৈরির পর সব কিছু আমরা কোয়ান্টাম চাঞ্চল্যের আলোয় দেখতে শুরু করেছি। এই আলোয় বুঝতে চাইছি বিশ্বব্রহ্মাণ্ডের জন্মকাহিনি। হকিং-এর মূল আগ্রহের বিষয় তাই। এই নিয়ে তিনি গবেষণাপত্র লিখছেন। আন্তর্জাতিক শীর্ষ সম্মেলনে বক্তৃতা করছেন। আরও বিস্ময়ের কথা এই, গণিতবিদ্যায় তিনি এই বয়সেও পারঙ্গম। যে বিদ্যায় অল্প বয়সেই প্রতিভাধরেরা শীর্ষতম স্থানে পৌঁছে যায়। তিনি নিজে বার বার বলেন, 'আমি আইনস্টাইন

নই'। মহাকর্ষ, স্পেস ও টাইম নিয়ে যে গুটিকয় মানুষ আমাদের জ্ঞানের বিস্তার গভীরতর করেছেন আইনস্টাইনের পর তাঁকে ছাড়া আর কারও নাম মনে করতে পারছি না।

সত্যি সত্যিই বুঝি তাঁর পায়ের তলায় সর্ষে। যেখানে যান, একগুচ্ছ সঙ্গী থাকে। নার্সেরা থাকে। তাঁকে সব জায়গায় সবসসময় দেখতে হয়। বিমানে চড়ে যাবার সময় বিমানেও থাকে তেমন আয়োজন। আর ভালোবাসেন তিনি অপেরা ও থিয়েটার দেখতে। তাঁর সাধারণ বুদ্ধি পর্বত প্রমাণ। রাজনৈতিক মত প্রকাশে অত্যন্ত সোচ্চার। যত চাপ বা বাধাই থাকুক না কেন, প্রতিবন্ধীদের সুযোগ সুবিধের জন্যে তিনি সবসময় সচেতন থাকেন। সমভাবনার মানুষদের সঙ্গে একজন কর্মী হিসেবে কাজ করতে তিনি কখনও নিজেকে ছোটো মনে করেন না। তিনি ইজরায়েলে গিয়েছেন, ওয়েস্ট ব্যাঙ্কেও গিয়েছেন। খবরের কাগজ তাঁর অসাধারণ সব আলোকচিত্র প্রকাশ করে। হুইল চেয়ারে বসে আছেন তিনি। চারপাশে জনারণ্য। 'নাসা'-র মহাকাশযানে তিনি 'ভারশূন্য' হয়ে ভাসছেন। এ ছবি পৃথিবীর সকল দেশে সংবাদপত্রে মুদ্রিত হয়েছে।

ব্যক্তিগত স্তরে দেখেছি, অন্যের দুঃখে তাঁকে কাতর দেখায়। তিনি নিজেই তো লিখেছেন, 'যখন চিকিৎসকরা আমার অসুখের খবর জানালেন, আমার সত্যিই মন খুব খারাপ হয়ে গিয়েছিল। তারপর যখন তাকিয়ে দেখলাম, হাসপাতালে পাশের বেডের ছেলেটি লিউকোমিয়ায় ভুগছে, আমার নিজের কথা ভেবে আর অত খারাপ লাগছিল না।' তাঁর এক বন্ধু ছিলেন যিনি মৃত্যুর জন্য দিন গুনছিলেন। সব অসুবিধা নিয়েও হকিং তাকে নিয়মিত দেখতে যেতেন।

বাইশ বছর বয়সে হকিং এর জীবনে ট্র্যাজেডি ঘনিয়ে এসেছিল। ভয়ঙ্কর এক অসুখের কবলে পড়েছেন তিনি। বাঁচার আশা শূন্য। তিনি বলেন, 'ওই বছরের পর যত যা পাচ্ছি ও পেয়েছি সবই তো বোনাস।' বিজ্ঞানীদের চিরকালের তালিকায় তিনি থাকবেন। তাঁর বেস্টসেলিং বইগুলি পড়ে সাধারণ মানুষ বিশ্বচরাচরে ভ্রমণ করতে জানবে। জানবে অনেক অনেক বড়ো করে ভাবতে। সবচেয়ে বড়ো কথা, প্রতিবন্ধী মানুষেরা তাঁর দিকে এক পলক তাকিয়ে আশার আলো দেখতে পান। তাঁর প্রচণ্ড ইচ্ছাশক্তি ও অদম্যতাকে সকলে শ্রদ্ধা জানাই। 'তিন কুড়ি দশ' বছর বয়সে তিনি মানুষের সবরকম শ্রদ্ধা অর্জন করেছেন।

৫-৮ জানুয়ারি ২০১২

বিজ্ঞানীর সত্তরতম জন্মদিনে কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক আলোচনাচক্রে যাঁরা আমন্ত্রিত হয়েছিলেন তাঁদের নাম আমরা নীচে দিলাম। আলোচনাচক্রের তারিখ ছিল ৫-৮ জানুয়ারি ২০১২। শিরোনাম ছিল 'দি স্টেট অফ দি ইউনিভার্স'।

আমন্ত্রিত আলোচক

ব্রুস অ্যালেন
অ্যালবার্ট আইনস্টাইন ইনস্টিটিউট, হ্যানোভার

রাফায়েল বোজো
ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, বার্কলি

ড্যানিয়েল আইজেনস্টাইন
অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়

গ্যারি গিবন্স্
কেমব্রিজ বিশ্ববিদ্যালয়

মাইকেল গ্রিন
কেমব্রিজ বিশ্ববিদ্যালয়

অ্যালান গুথ
ম্যাসাচুসেট্স ইনস্টিটিউট অফ টেকনোলজি

জেম্স হার্টল
ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, সান্টা বারবারা

স্টিফেন হকিং
কেমব্রিজ বিশ্ববিদ্যালয়

টমাস হার্টগ
লিউভেন বিশ্ববিদ্যালয়

গ্যারি হরউইৎজ
ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, সান্টা বারবারা

৫-৮ জানুয়ারি ২০১২

রেনাতা কল্লোশ
স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়

লুইস লেহ্নার
পেরিমিটার ইনস্টিটিউট / গুয়েলফ

আন্দ্রেই লিন্ডে
স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়

যোয়ান মাল্ডাসেনা
ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড স্টাডিজ, প্রিন্সটন

হার্মান নিকোলাই
অ্যালবার্ট আইনস্টাইন ইনস্টিটিউট, গল্‌ম

সাউল পার্লমুটার
ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, বার্কলি

হার্ভে রিয়াল
কেমব্রিজ বিশ্ববিদ্যালয়

মার্টিন রীজ
কেমব্রিজ বিশ্ববিদ্যালয়

সাইমন রস
ডার্হাম বিশ্ববিদ্যালয়

ডেভিড স্পারজেল
প্রিন্সটন বিশ্ববিদ্যালয়

জেম্‌স স্পার্কস
অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়

অ্যান্ড্রিও স্ট্রমিংগার
হার্ভার্ড বিশ্ববিদ্যালয়

কিপ থর্ন
ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজি

নীল তুর্‌ক
পেরিমিটার ইনস্টিটিউট

আলেকজান্ডার ভিলেনকিন
টাফ্‌টস্‌ বিশ্ববিদ্যালয়

ফ্র্যাঙ্ক ভিলচ্‌জেক
ম্যাসাচুসেট্‌স ইনস্টিটিউট অফ টেকনোলজি

শিং-তুং-ইয়াও
হার্ভার্ড বিশ্ববিদ্যালয়

এছাড়া বিজ্ঞানের বাইরের জগতেরও কয়েকজন বিশিষ্ট মানুষ ছিলেন। এই বিজ্ঞানীদের জীবন ও কাজের খানিকটা করে পরিচিতি নিশ্চয়ই আমরা দেব। সত্তরতম জন্মদিনে যদিও হকিং থাকবেন সবাই ভেবেছিলেন, এমন কি তাঁর বলারও কথা ছিল, অসুস্থতার জন্য থাকতে পারেননি। সেই মানুষ যখন সকলের জন্য বার্তা পাঠাচ্ছেন, কি লিখছেন তিনি?

'Look up at the stars and not down at your feet.'

হকিং আরও বলেছেন, আট বছর বয়স হবার আগে তিনি কোনো কিছু ভালো করে করতে পারতেন না। " আমার এই চেহারা দেখে স্কুলের বন্ধুরা বলেছিলেন, 'এর দ্বারা কিচ্ছু হবে না।" ক্লাসের তলার দিকের পঞ্চাশভাগ ছাত্রের একজন তিনি। উপরের পঞ্চাশভাগে কোনোদিন তাঁর যাওয়া হয়নি। "অপরিচ্ছন্ন ক্লাস-ওয়ার্ক, হাতের লেখা মাস্টারমশাইরা দেখে হতাশ হয়ে পড়তেন। একসময় ক্লাসের বন্ধুরা আমাকে 'আইনস্টাইন' নামে ডাকতেন। কী দেখে এমন বলতেন, কে জানে।"

একটা মজার গল্প বলছিলেন তিনি। যখন তাঁর বারো বছর বয়েস, ক্লাসের এক বন্ধু আর এক বন্ধুর সঙ্গে বাজি ধরেছিলেন, ' দেখতে পাবি, হকিং-এর জীবনে কোনো কিছু হবে না, তোর সঙ্গে এই নিয়ে বাজি ধরছি। যদি আমি হেরে যাই, এক প্যাকেট মিষ্টি দেব তোকে।'

তারপর হকিং স্বভাবসিদ্ধ রসিকতার সুরে শ্রোতাদের জানালেন, 'এই বাজি ফয়সলা হয়েছে কি না জানি না। কার কাছে মিষ্টির প্যাকেট গেছে তাও বলতে পারব না।'

২০১২ সালের ৫ থেকে ৮ জানুয়ারি চারদিন ধরে কেমব্রিজে যে সম্মেলন হল, তার সমাপ্তি অনুষ্ঠানে হকিং এর বক্তৃতাটি সবাইকে শোনানো হয় ও তারপর বৃহৎ কর্মকাণ্ড শেষ হয়। বক্তৃতার রেশ মাথায় নিয়ে সকলে যে যার জায়গায় ফিরে গিয়েছেন। অক্সফোর্ডে পড়াশুনোর কথা বলতে গিয়ে হকিং বলেছেন। 'একবার পরীক্ষায় উতরে অক্সফোর্ডে ভর্তি হয়েছি। তারপর তিনবছরের শেষে ফাইনাল পরীক্ষা দিয়েছি। তিনবছরে আমি পড়েছি মোটে এক হাজার ঘণ্টা। দিনে একঘণ্টা। খুব খারাপ।'

সত্তরতম জন্মদিনের বক্তৃতায় তিনি ছোটোবেলার কথা বলেছেন। সেন্ট অ্যালবান্স স্কুলের কথা বলেছেন। গবেষণার দিনগুলির কথাও কম বেশি বলেছেন। সবশেষে সকলের কাছে যে বার্তা পৌঁছে দিতে চেয়েছেন, তা না বললে চলে না।



জন্মদিনে শুভার্থীদের সঙ্গে বিজ্ঞানী

'অনুসন্ধিৎসা' বাঁচিয়ে রাখার কথা বলেছেন তিনি। কোনো কিছুতেই হতাশ না হতে বলেছেন। হোক না যতই কঠিন, হতাশা যেন কক্ষনো কাউকে আক্রমণ না করে। তারপর-ই বললেন :

'Remember to look up at the stars and not down at you feet'.

বললেন আরও, 'যা দেখতে পাও তার ভেতর থেকে কিছু একটা খুঁজে বার করো। বিশ্বব্রহ্মাণ্ডের সকল জিনিস তোমার আয়ত্তে। অনুসন্ধানী হও। জীবন যতই কঠিন হোক, কিছু না কিছু তুমি একটা করতেই পারবে। সফলতাও পাবে। তুমি ছেড়ে যাচ্ছ না, সেটাই সবচেয়ে বড়ো কথা। বলতে দ্বিধা নেই, প্রথমে আমি খুব ভেঙে পড়েছিলাম। খুব তাড়াতাড়ি ক্ষয়ে যাচ্ছিলাম। পি এইচ ডি-র কাজ করে হবেটা কী। হয়তো এই কাজ শেষ করার আগেই আমায় পৃথিবী ছেড়ে চলে যেতে হবে।'

তাঁর প্রথম জীবনসঙ্গিনীকে খুঁজে পেয়েছেন হকিং। জেন তাঁর নাম। তখন হকিং-এর বাঁচার আশা অনেকটাই বেড়ে গেল। বাঁচতে হবে। পিএইচ ডি-র কাজ শেষ করতে হবে। সংসার করতে গেলে একটা চাকরিও তো খুঁজতে হবে। তিনি পুরোদমে কাজ শুরু করেন।

তাঁর ভাষণ শেষ হলে হল ভর্তি সবাই উঠে দাঁড়িয়ে তাঁকে সম্মান জানান। হকিং শেষ কথায় বললেন, 'বেঁচে থাকাটা আমার কাছে আনন্দের। তত্ত্বীয় পদার্থবিদ্যার গবেষক হতে

পেরেছি ভেবে ভালো লাগছে।' শেষ কথাটা ইংরেজিতেই থাকুক।

'Our picture of the universe has changed a great deal in the past 40 years and I'am happy if I've made a small contribution. The fact that we human-who are ourselves mere collections of fundamental particles of nature-have been able to come this close to an understanding of the laws governing us and our universe is a great triumph'.

কেমব্রিজ আয়োজিত সত্তরতম জন্মদিন পালনের আলোচনাচক্রে বিজ্ঞান আগ্রহী সাধারণ মানুষের জন্য আয়োজন হয়েছিল পাবলিক সিম্পোজিয়ামের। তার প্রবেশপত্র কয়েকমাস আগেই নিঃশেষিত হয়ে যায়। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আলোচনাচক্র উদ্বোধনে বলেছিলেন, 'আমি গর্ববোধ করি যে পৃথিবীর সবচেয়ে খ্যাতিমান পদার্থবিদ কেমব্রিজে আমার সহকর্মী। এমন মানুষের সম্মাননা উৎসব পালন আমাদের কর্তব্যের মধ্যে পড়ে। স্টিফেনের বেলায় কথাটা তো আরও বেশি মানানসই কেন না তিনি বিশ্বব্রহ্মাণ্ড সম্পর্কে আমাদের ধ্যান ধারণা বদলে দিচ্ছেন। উপাচার্য লেস্‌জেক বরিসিয়েভিচ ব্রিটেনে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা মা দুজনেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় শরণার্থী হিসাবে পোল্যান্ড থেকে ব্রিটেনে চলে এসেছিলেন। বরিসিয়েভিচ মেডিসিন নিয়ে পড়াশুনো করেন। পরে গবেষণা করে ডক্টরেট করেন। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিভাগে শিক্ষকতায় যোগদান করেন। কিছুকাল পর ওয়েল্‌স বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিভাগের প্রধান পদে যোগ দেন। তারপর একসময় লন্ডনের ইম্পিরিয়াল কলেজে প্রশাসনের উঁচু পদে যোগ দেন। ২০০৭ সালে ব্রিটেনের 'মেডিক্যাল রিসার্চ কাউন্সিল'-এর প্রধান মনোনীত হত। ২০১০ সালের অক্টোবর মাসে লেস্‌জেক বরিসিয়েভিচ কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ৩৪৫-তম উপাচার্য নির্বাচিত হয়েছেন। তিনি রয়াল সোসাইটির ফেলো। 'স্যার' পদবি পেয়েছেন।

হকিং-এর সত্তরতম জন্মদিন পালন উপলক্ষে চারদিন ব্যাপী এই আলোচনাচক্রের সহ আয়োজক ছিল 'ইন্‌টেল'। মোট সাতাশজন বক্তা আমন্ত্রিত হবেন, শুরুতে এই ঘোষণা করা হয়। কৃষ্ণগহ্বর, মহাজাগতিক বিজ্ঞান ও মৌল পদার্থবিদ্যা এখন কোথায় দাঁড়িয়ে আছে বিশেষজ্ঞরা সেসব নিয়ে কথা বলবেন।

প্রশ্নপর্ব - এক

যাঁরা আলোচনায় যোগ দিয়েছেন তাঁদের কথায় যাবার আগে একটা ভিন্ন অথচ আকর্ষণীয় বিষয়ের উপর পাঠক বন্ধুদের নজর দিতে অনুরোধ করব। বি বি সি থেকে এই অনুষ্ঠানের আয়োজন হয়। শ্রোতাদের কাছে আবেদন রেখেছিল বি বি সি, আপনারা অধ্যাপক হকিং-কে প্রশ্ন করার সুযোগ পাবেন। পছন্দমত প্রশ্ন তিনি বেছে নেবেন ও আপনাদের উত্তর দেবেন। এমন আহ্বানে কত মানুষ যে সাড়া দেবেন, সকলেই অনুমান করতে পারেন। প্রশ্নের বন্যা বয়েছে। কয়েকটি নির্বাচিত প্রশ্ন আমরা তুলে ধরতে পারি।

একজন জানতে চেয়েছিলেন, 'What, in your opinion, creates an evil mind?' অধ্যাপক হকিং এই প্রশ্নটি গ্রহণ করেন।

কিছু জিজ্ঞাসা খানিকটা বড়ো কিন্তু আকর্ষণীয়। ধরা যাক, এই বিশ্বব্রহ্মাণ্ডের অন্য কোথাও সভ্যতা রয়েছে। সেই সভ্যতার প্রাণীরা আমাদের সঙ্গে যোগাযোগ করতে সক্ষম হলে প্রথম কী প্রশ্ন করবে বলে আপনার মনে হয়? যদি আপনি যোগাযোগ খুঁজে পান, প্রথম কী প্রশ্ন করবেন? আরও একটি ছোট্ট প্রশ্ন। গভীর প্রশ্ন নিশ্চয়ই, হকিং নইলে নির্বাচন করবেন কেন?

প্রশ্নটি ছিল : 'I'd like to ask Prof. Hawking why there is something rather than nothing.'

পরের প্রশ্ন : কী জিজ্ঞাসা আপনাকে সারা রাত জাগিয়ে রাখে?

প্রশ্ন : আমরা কি কখনও এমন দূর যেতে পারব যে একসময় 'কেপলার ২২বি' তে উপনিবেশ গড়া সহজ হবে? আরও একটি প্রশ্ন ইংরেজিতেই রইল। প্রশ্নটি এরকম : 'If I could tell a 12-year-old Stephen Hawking all he would achieve, would he be as impressed as the rest of us?'

প্রশ্নকর্তা যে বারোবছর বয়সী হকিং ও আমাদের বারো বছর বয়সের ফারাক বুঝতে চাইছেন, প্রশ্নের ধরন দেখেই বোঝা যায়।

প্রশ্ন : যে প্রশ্নের নির্ভুল উত্তর আপনি প্রায় সময়েই খুঁজে বেড়ান, কী সেই প্রশ্ন? সেই প্রশ্নের কেমন উত্তর আপনি প্রত্যাশা করেন?

প্রশ্ন : আপনি কি এখনও 'কোয়ান্টাম মহাকর্ষে' বিশ্বাস করেন নাকি তুলনায় ধ্রুপদী 'আইনস্টাইন মডেলে' বিশ্বাস করেন?

প্রশ্ন : আগামী একশো বছরের মধ্যে 'ইউনিফায়েড থিওরি' আবিষ্কৃত হবে বলে কি আপনার মনে হয়? যদি হয় তবে কি প্রচলিত স্ট্যান্ডার্ড মডেলের উপর ভিত্তি করেই হবে? না কি সংশোধিত বা পুরোপুরি নতুন কোনো মডেল চাই?

প্রশ্ন : যদি আমরা 'ইউনিফায়েড থিওরি অফ এভরিথিং' খুঁজে পাই তা মানুষের জীবনে কী প্রভাব ফেলবে? চূড়ান্ত এমন ব্যাখ্যা যদি খুঁজেই পেলাম, তারপর আমরা কোনদিকে তাকাব?

প্রশ্ন : সূর্য যদি হঠাৎ ধ্বংস হয়ে যায়, সে খবর পৃথিবীতে পৌঁছুতে কত সময় লাগবে? নয় মিনিট? কোন প্রমাণ আছে কি?

প্রশ্ন : আমি কখন আমার ছেলেমেয়েদের আলোর দ্বৈত চরিত্র (ওয়েভ পার্টিকল ডুয়ালিটি) নিয়ে বলব?

প্রশ্ন : বিগ ব্যাং-এর উপাদানগুলো তৈরি হয় কোত্থেকে ?

